



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষকের কার্যালয়

সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ

স্থাপিতঃ ১৯০৩ খ্রি, ডাকঘরঃ সিলেট, জেলাঃ সিলেট।



০৮২১-৭১৬২৩৭, ই-মেইল : gaghsc@gmail.com, ওয়েবসাইট : www.gaghscscl.edu.bd

EIIN: 130399

স্মারক নং- সঅবাউবিক/২২/৬০


তারিখঃ ২৫/০৯/২০২২খ্রিঃ

সম্মানিত সহকর্মীবৃন্দ,

সংযুক্ত পত্রের আলোকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬তম শুভ জন্মদিন উপলক্ষে গৃহীত কর্মসূচী বাস্তবায়নে ৬ষ্ঠ থেকে ১০ম এর শ্রেণি শিক্ষকবৃন্দ সক্রিয় ভূমিকা পালন করবেন। আগামী ২৭/০৯/২০২২খ্রিঃ বেলা ১টা থেকে ২টার মধ্যে ছাত্রীদের নিকট থেকে লেখা সংগ্রহ করবেন। সংগৃহীত লেখা থেকে সেরা ১টি লেখা বাছাই করে প্রভাতী শাখার সহকারী প্রধান শিক্ষক জনাব মাহমুদা খাতুনের নিকট জমা দিবেন। সেই সাথে আরো ৫ টি শুভেচ্ছা বার্তা বাছাই করে জমা দিবেন। যেগুলো ২৮/০৯/২০২২খ্রিঃ তারিখ শেখ রাসেল দেয়ালিকায় প্রকাশিত হবে। লেখা অবশ্যই A4 সাইজের অফসেট পেপারে জমা দিতে হবে।

বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ বিষয় শ্রেণি শিক্ষকবৃন্দকে সর্বোচ্চ সহযোগিতা করার অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ এই শুভেচ্ছা বার্তাটি প্রত্যেক শিক্ষার্থীর CA মার্ক হিসেবে বিবেচিত হবে।


প্রধান শিক্ষক

সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ,

মমতাজ বেগম
সিলেট
সরকারি অগ্রগামী বালিকা উচ্চ
বিদ্যালয় ও কলেজ, সিলেট।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০১.২৩.০০২.২২-২৪৫৪৩/৮

তারিখ : ২২/০৯/২০২২ খ্রি.

নোটিশ

আধুনিক বাংলাদেশের রূপকার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র ৭৬তম শুভ জন্মদিন উদযাপনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থীরা নিম্নোক্ত কর্মসূচি পালন করবে।

কর্মসূচি:

- সাম্প্রতিককালে আমাদের সবচাইতে বড় অর্জন 'পদ্মা সেতু'। 'পদ্মা সেতু' নির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র দৃঢ় পদক্ষেপ আমাদের গর্বিত করেছে। তাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীরা পদ্মাসেতু'র অর্জনে অনুপ্রাণিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রীর শুভ জন্মদিনে শুভেচ্ছা বার্তা লিখবে।
- শুভেচ্ছা বার্তাটি ১০০ শব্দের মধ্যে হতে হবে।
- শুভেচ্ছা বার্তায় পদ্মা সেতু নির্মাণে ও বাংলাদেশের অগ্রযাত্রায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র দৃঢ় প্রত্যয়ের চিত্র ফুটে উঠবে।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সেরা শিক্ষার্থীদের লেখাগুলো শেখ রাসেল দেয়ালিকায় উপস্থাপন করবে।
- শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রত্যেক শ্রেণি থেকে বাছাইকৃত সেরা লেখা (প্রতি শ্রেণির ১টি লেখা) নিম্নের ইমেইল ঠিকানায় আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে পাঠাবেন।
- ইমেইল ঠিকানা- 28septemberdshe@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
- ২। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৩। প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);

২২/০৯/২০২২
(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫০০৬৮

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৮. সংরক্ষণ নথি।